রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, অক্টোবর ৩০, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

তারিখ : ১১ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস।**—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে এবং THIRD SCHEDULE এর paragraph 8 এর উদ্দেশ্য পূরণকল্পে, জাতীয় রাজস্ব বোর্ড উহার ১২ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ১৯৮-আইন/২০১৮/৩০/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) বিধি-১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৮ নামে অবহিত হইবে।

(২) এই বিধিমালা আমদানি, রপ্তানি, ট্রানজিট, ট্রানশিপমেন্টসহ অনুরূপ ক্ষেত্রে কাস্টমস-পোর্টের সাথে কাস্টমস স্টেশন, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার, টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল ও অর্থনৈতিক অঞ্চলে পণ্য পরিবহন এবং সীলিং কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।"

(২) বিধি-২ এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ঙ) **"সেবা"** অর্থ বিধি ৯ অনুযায়ী নির্ধারিত সেবার ফিস এর বিনিময়ে কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে ইলেকট্রনিক সীলকরণ ও লককরণ, সীলের অখন্ডতা ও সঠিকতা যাচাই এবং সীলের নাম্বার মিলাইয়া সীল ও লক খোলা।";

(৩) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (২) এর "কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক" শব্দগুলি ও কমার পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ" শব্দগুলি ও কমাগুলি এবং "কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকের" শব্দগুলি ও কমার পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচের" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) ও উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) ও উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) যে সকল পণ্য কাস্টমস-পোর্ট হইতে কাস্টমস স্টেশনে স্থানান্তর অথবা কাস্টমস স্টেশন হইতে কাস্টমস-পোর্টে স্থানান্তর কিংবা কাস্টমস স্টেশন হইতে কাস্টমস স্টেশনে স্থানান্তর করা হইবে সে সকল পণ্যের চালান সম্পর্কে সেবা গ্রহণকারী সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে পূর্বেই লিখিতভাবে অবহিত করিবে।

(৪) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করিতে ব্যর্থ হইলে সেবা গ্রহণকারী যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক, কাস্টমস কর্মকর্তার লিখিত অনুমোদনক্রমে, সীল ও লক ব্যতীত পণ্য কাস্টমস-পোর্ট হইতে অন্য কাস্টমস-পোর্ট, কাস্টমস স্টেশন, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তর, অপসারণ, খালাস বা বোঝাই করা যাইবে।";

(৪) বিধি ৫ এর—

(ক) দফা (খ) এর "কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক" শব্দগুলি ও কমার পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঘ) এর "কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকের" শব্দগুলি ও কমার পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচের" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (চ) এর "কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকসমূহে" শব্দগুলি ও কমার পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচসমূহে" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) দফা (ছ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ছ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ছ) কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে ইলেকট্রনিক সীল ও লক করা, সীলের অখন্ডতা ও সঠিকতা যাচাই, সীল ও লক খোলাসহ সার্বিক সেবা কার্যক্রম পরিচালনার সুবিধার্থে সকল কাস্টমস-পোর্ট, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল বা কাস্টমস স্টেশন সংলগ্ন এলাকায় অফিস স্থাপন ও প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা করিবে; এবং";

(৫) বিধি ৬ এর "কন্টেইনার,কাভার্ড ভ্যান বা ট্রাক" শব্দগুলি ও কমার পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৭। **সেবা গ্রহণকারীর দায়িত্ব**।—এই বিধিমালায় বর্ণিত সেবা গ্রহণের লক্ষ্যে পণ্য স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের চালান সম্পর্কে সেবা গ্রহণকারী কর্তৃক সেবা প্রদানকারীকে পূর্বেই অবহিত করিতে হইবে এবং সেবা প্রদানকারীর প্রদেয় ফিস এবং প্রযোজ্য ক্ষেত্রে, ভ্যাট, ট্যাক্স, আয়কর প্রভৃতি যথাসময়ে পরিশোধ করিতে হইবে।";

(৭) বিধি ৮ এর দফা (খ) এর "কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক" শব্দগুলি ও কমার পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৮) বিধি ৯ এর "কন্টেইনারে" শব্দের পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে" শব্দগুলি ও কমাগুলি এবং কাভার্ড ভ্যান বা ট্রাক" শব্দগুলির পরিবর্তে "কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৯) পরিশিষ্ট-খ এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট-খ প্রতিস্থাপিত হইবে, যথা :—

**"পরিশিষ্ট-খ**

**[বিধি ৩ (৫) দ্রষ্টব্য]**

**তালিকাভুক্তির প্রত্যয়নপত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপ-বিধি (৫) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক .............. (প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা .............. , মূসক নিবন্ধন নম্বর ..................) কে ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকভুক্ত করা হইল।

উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তির নম্বর .......................।

তারিখ :

সদস্য (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
চেয়ারম্যান

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd